# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## WORKSHEET – 2021

**Sub: Bengali** **Class: XI** **Date: 8.2.2021**

গদ্য-তেলেনাপোতা আবিষ্কার

**১।সঠিক বিকল্পটি নির্বাচন করোঃ**

১.১ মহানগরী থেকে তেলেনাপোতার দূরত্ব কত?
ক) মাত্র দশ মাইল খ) মাত্র কুড়ি মাইল
গ) মাত্র ত্রিশ মাইল ঘ) মাত্র চল্লিশ মাইল

১.২ তেলেনাপোতা আবিষ্কার করতে হলে জিনিস-মানুষে ঠাসাঠাসি বাসে ওঠার কতক্ষণ পরে আচমকা নেমে পড়তে হবে?
ক) পাঁচ ঘন্টা খ) তিন ঘন্টা
গ) দু' ঘন্টা ঘ) চার ঘন্টা

১.৩ তেলেনাপোতা আবিষ্কারের জন্য কজন বন্ধু ও সঙ্গী সঙ্গে থাকা উচিত?
ক) জনা দশেক খ) অন্ততঃ একজন
গ) দুজন ঘ) চারজন

১.৪ গোরুর গাড়ির ক্ষুদ্র সংক্ষিপ্ত সংস্করণটি কোন দেশ থেকে বেরিয়ে এসেছে মনে হবে?
ক) চাঁদের দেশ খ) তাসের দেশ
গ) বামনের দেশ ঘ) শীতের দেশ

১.৫ গোরুর গাড়ির গারোয়ান উৎসাহের সঙ্গে কী বাজাচ্ছিল?
ক) মাদল খ) খোল-করতাল
গ) ক্যানেস্তারা ঘ) তবলা

১.৬ ধ্বংসাবশেষের একটি বাসযোগ্য ঘরে থাকার ব্যবস্থা হলে গাড়োয়ান কী কী দিয়ে যাবে?
ক) খাট-বিছানা খ) একবালতি জল ও মোমবাতি
গ) একটি ভাঙা লন্ঠন ও এক কলসি জল ঘ) এক গ্লাস জল ও একটি শতরঞ্চি

১.৭ তেলেনাপোতা আবিষ্কারের জন্যে আপনার দুটি বন্ধুর কী হওয়া দরকার?
ক) ভ্রমণবিলাসী ও ভোজনবিলাসী খ) প্রকৃতি প্রেমিক ও কষ্টসহিষ্ণু
গ) পানরসিক ও কুম্ভকর্ণের মত নিদ্রাবিলাসী ঘ) কবি

১.৮ কীসের ডাকে আপনি আনমনা হয়ে উঠবেন?
ক) ঝিঁঝির ডাক খ) শেয়ালের ডাকে
গ) ঘুঘুর ডাকে ঘ) পাখির ডাকে

১.৯ ডুবে যাওয়া ফাতনা ভেসে ওঠলে ছিপ তুলে কী দেখবেন?
ক) একটা বড় মাছ বঁড়শিতে গেঁথে আছে খ) বঁড়শিতে টোপ আর নেই
গ) বঁড়শিতে গেঁথে আছে একটা পুরনো চটি ঘ) বঁড়শিতে গেঁথে আছে একটা সার্ট

১.১০ যামিনীর মা কার সঙ্গে যামিনীর বিয়ের সম্বন্ধ ঠিক করেছিলেন?
ক) লেখকের সঙ্গে খ) বরেনের সঙ্গে
গ) নিরঞ্জনের সঙ্গে ঘ) মণির সঙ্গে

১.১১ কলকাতা ফিরে তেলেনাপোতার স্মৃতিকে কী বলে মনে হবে?
ক) স্বপ্ন খ) কলকাতার বাইরের এক জগৎ
গ) অবাস্তব কুয়াশার কল্পনামাত্র ঘ) পুর্বজন্মে দেখা কোন স্থান

১.১২ তেলেনাপোতা আবিষ্কার গল্পটির লেখক কে?
ক) সতীনাথ ভাদুড়ী খ) প্রেমেন্র্ঘ মিত্র
গ) রবীন্র্থনাথ ঠাকুর ঘ) কোনোটিই নয়

১.১৩ নীচের কোন গল্পটি প্রেমেন্র্ মিত্রর লেখা ?
ক) মহানগর খ) বিষবৃক্ষ
গ) পল্লীসমাজ ঘ) কোনোটিই নয়।

১.১৪ নীচের কোন উপন্যাসটি প্রেমেন্র্) মিত্রর লেখা ?
ক) পাঁক খ) বিষবৃক্ষ
গ) পল্লীসমাজ ঘ) কোনোটিই নয়।

১.১৫ নীচের কোন গল্পটি প্রেমেন্র্) মিত্রর লেখা ?
ক) স্টোভ খ) বিষবৃক্ষ
গ) পল্লীসমাজ ঘ) কোনোটিই নয়।

শিক্ষক/শিক্ষিকা-অর্পিতা চন্দ্র